অ্যাডভেন্টিস্টওয়ার্ল্ড১১ শিশুদের প্রার্থনা সপ্তাহ

পতাকা: শিশুদের পাঠ

র‍্যাণ্ডি ফিশেল

শব্দ গণনা:

**শাব্বাথ: তোমার জন্য ঈশ্বরের বিশেষ পরিকল্পনা আছে!**

“পরে তাঁহারা আমাকে কহিলেন, ‘অনেক প্রজাবৃন্দের ও জাতির ও ভাষার ও রাজার বিষয়ে তোমাকে আবার ভাববাণী বলিতে [শিক্ষা দিতে ] হইবে’” (প্রকাশিত বাক্য ১০:১১ পদ, আইসিবি)।*

আলাস্কায় বিপদ

আলস্কার নোমে নামের পুরো শহরটি বিপদে ছিল। নোমে সুমেরুবৃত্তের কাছে অবস্থিত, ১৯২৫ সালে সেখানে কেবল একজন ডাক্তার ছিলেন। ডাক্তার কার্টিস ওয়েলচ বেশ কয়েকজন অভিভাবকদের বলেছিলেন, “আমার মনে হয় আপনার সন্তানের টনসিল বা গল-গ্রন্থির প্রদাহ হয়েছে।” কিন্তু অনুরূপ উপসর্গ সহ আরও রোগী আসায়, তিনি ভাবছিলেন তিনি ভুল হতে পারেন কিনা। যখন লোকেরা মারা যেতে শুরু করল, তখন তিনি সত্যটা জানতে পারলেন: ডিপথেরিয়া নামক একটি মারাত্মক রোগের মহামারী শহরে প্রবেশ করেছিল।

ডাক্তার ওয়েলচ ব্যাখ্যা করে বললেন, “আমাদের স্থানীয় সরবরাহী ঔষুধগুলো ব্যবহারের জন্য অনেক পুরোনো।” আর নিকটতম ঔষুধ যা ব্যবহার করা যেতে পারে তা ছিল শত শত মাইল দূরে! নোমে শহরটি পুরোপুরি বরফে ঘেরা ছিল, তাই জাহাজ কোন সাহায্যে আসত না। যে কয়েকটি বিমান আসতে সক্ষম হতে পারত তাও শীতের জন্য আলাদা করে সরিয়ে নেওয়া হয়েছিল। আর স্নোমোবাইলগুলো তখনও আবিষ্কৃত হয়নি!

ডাক্তার ওয়েলচ মরিয়া হয়ে যথাযথ কর্তৃপক্ষের কাছে একটি টেলিগ্রাম বার্তা পাঠিয়েছিলেন:

**“ডিপথেরিয়া নামক রোগটি এখানে মহামারী প্রায় (সুনিশ্চিতভাবে)। আমার এক মিলিয়ন ডিপথেরিয়ার [ঔষুধের] জরুরি প্রয়োজন।” এদিকে, তখনও শত মাইল দূরে, প্রয়োজনীয় পরিমাণে ঔষুধগুলো শেষ পর্যন্ত স্তুপ করে রাখা হয়েছিল। কিন্তু কিভাবে এটি নোমে যাবে? মার্ক সামার্স নামের একজন লোক কুকুরের স্লেজগাড়ী দ্বারা নিয়ে যাওয়ার পরামর্শ দিলেন। ডিপথেরিয়ার ভয়াবহ প্রাদুর্ভাব এড়ানোর জন্য সময়মতো নোমে পৌঁছানোর জন্য এটিই তাদের একমাত্র আশা ছিল।**

**যাত্রার শুরু, নেনানা থেকে নোমের দূরত্ব ১,০৮৫ কিলোমিটার (৬৭৪ মাইল) ছিল। সাধারনত, যাত্রাটি সম্পন্ন করতে প্রায় ৩০ দিন লেগে যায়। কিন্তু এটি খুব ছোট করা প্রয়োজন ছিল।**

**কুকুরগুলো এবং তাদের চালকদের সঙ্গে, যা মাশার হিসেবে পরিচিত, স্থায়ী তুষারপাত এবং আরও অনেক কিছু নিয়ে যাত্রাটি শুরু হয়েছিল। বিপজ্জনক পর্বতশ্রেণীর উপর এবং অন্ধকারাচ্ছন্ন তুষার ঝড়ের মধ্য দিয়ে দলগুলো চাপে পড়ছিল।**

**উদ্দেশ্যটি সফল হয়েছিল! সবাইকে অবাক করে দিয়ে, পুরো যাত্রাটিতে মাত্র সাড়ে পাঁচ দিন লেগেছিল! এর জন্য তাদেরকে একটি দুঃখজনক মূল্যও দিতে হয়েছিল, কমপক্ষে পাঁচটি কুকুর মারা গিয়েছিল।**

**অবশেষে, ডিপথেরিয়ার ফলে নোমে মৃত্যুর সংখ্যা ১০ এরও কম ছিল, সেই সময়ে ১,৩০০ জনের একটি শহর, যার আশেপাশে ১০,০০০ হাজার বর্গ কিলোমিটার এলাকা ছিল। আর ঔষুধগুলো গ্রহণ ও কাজে লাগানোর জন্য সমস্ত ধন্যবাদ জীবনরক্ষাকারী মিশনকে।**

**কপি ইডিস-এর উৎস:**

https://en.wikipedia.org/wiki/1925_serum_run_to_Nome

https://en.wikipedia.org/wiki/Togo_(dog)

**এটি সম্পর্কে চিন্তা কর**

তোমাকে কি কখনও কোন একটি বিশেষ মিশনে পাঠানো হয়েছে? এটা কি ছিল?
তুমি অন্যদেরকে যীশুর' দ্বিতীয় আগমনের জন্য প্রস্তুত থাকতে বলা নামের একটি দলের অংশ, এই ধারণা সম্পর্কে তুমি কি মনে কর?

**আজকের প্রার্থনার ধারণা: ঈশ্বরের শেষ-সময়ে তাঁর মিশনে তোমাকে অংশ হতে আহ্বানের জন্য তাঁকে** ধন্যবাদের একটি প্রার্থনা দাও। এই বার্তাগুলো যেন তুমি আরও ভালো ভাবে বুঝতে পার, এবং কিভাবে তুমি তা অন্যদের কাছে সহভাগ করবে সেজন্য তাঁর সাহায্য যাচঞা কর।

* শিশুদের পাঠের এই বাইবেলের পদগুলো আসিবি অর্থাৎ *ইন্টারন্যাশনার চিল্ড্রেন্স বাইবেল* থেকে নেওয়া হয়েছে, কপিরাইট © ১৯৮৬, ২০০৮, ২০১৫ বাই টমি নেলসন। অনুমতি দ্বারা ব্যবহৃত।

* বাংলা অনুবাদের প্রতিটি শাস্ত্রের অংশ কেরী ভার্সন বাইবেল থেকে নেওয়া হয়েছে।

## রবিবার: সবার জন্য সুসংবাদ!

"পরে আমি আর এক দূতকে দেখিলাম, তিনি আকাশের মধ্যপথে উড়িতেছেন, তাঁহার কাছে অনন্তকালীন সুসমাচার আছে, যেন তিনি পৃথিবী-নিবাসীদিগকে, প্রত্যেক জাতি ও বংশ ও ভাষা ও প্রজাবৃন্দকে, সুসমাচার জানান" (প্রকাশিত বাক্য ১৪:৬ পদ, আইসিবি)।

### পার্কে সুখবর

জ্যারিতা এবং আইকো * বিরক্ত হচ্ছিল। জ্যারিতা পরামর্শ দিল, "চল, পার্ক দিয়ে হেঁটে আসি।" যখন তারা পার্কে পৌঁছালো, পার্ক প্রায় খালিই ছিল, তিনটি ছেলে বাদে, যারা পাথর সংগ্রহ করছিল এবং তাদের কাছাকাছি স্লাইডের উপরে নিয়ে যাচ্ছিল।

জ্যারিতা ছেলেদেরকে ডেকে বলল, "তোমরা কি করছ?" কিন্তু উত্তর দেওয়ার পরিবর্তে, প্রত্যেকটি ছেলে একটি করে পাথর তুলল এবং মেয়েটিকে লক্ষ্য করে ছুড়ল! জ্যারিতা নিরবে ঈশ্বরের কাছে জ্ঞান চাইল।

কিছু কারণের জন্য, দৌড়ে পালিয়ে না গিয়ে, জ্যারিতা জিজ্ঞাসা করল, "তোমাদের নাম কি?"

ছেলেগুলোকে বিভ্রান্ত মনে হচ্ছিল। তাদের মধ্যে একজন জিজ্ঞাসা করল, "তুমি আমাদেরকে ভয় পাও না?"

জ্যারিতা উত্তর দিল, "একটু, কিন্তু আমি ঈশ্বরকে আমাদের সঙ্গে থাকতে বলেছিলাম।"

তখন যারা খেপাচ্ছিল তারা সত্যিই বিভ্রান্ত হল! তারা তাদের "গোলাবারুদ" ফেলে দিল এবং স্লাইড থেকে নেমে এল। আর তখনই জ্যারিতা একটি স্বরকে ফিসফিসিয়ে বলতে শুনল, "তাদেরকে ঈশ্বরের বিষয়ে বল। তারা শুনবে।" জ্যারিতা চারপাশে তাকিয়ে দেখল, এবং আইকোকেও মনে হচ্ছিল একই কাজ করছে। কিন্তু আর কেউই আশেপাশে ছিল না।

ছেলেগুলো মেয়েটির দিকে এগিয়ে এল। তারা জ্যারিতা এবং আইকোকে তাদের নাম বলল। শীঘ্রই মেয়েরা ছেলেদেরকে যীশুর বিষয়ে বলতে লাগল! আর ছেলেগুলোও শুনল! অবশেষে, তাদের মধ্যে একজন ছেলে মেয়েদেরকে প্রার্থনা করতে বলল। যখন তারা প্রার্থনা শেষ করল, ছেলেরাও প্রার্থনা শুরু করল, এবং যীশুর কাছে ক্ষমা চাইল।

বাড়িতে ফিরে এসে জ্যারিতা বলল, "আইকো, পার্কে আমি আমার মাথার ভিতর একটা ফিসফিস শুনতে পেলাম যে আমাকে সেই ছেলেদেরকে যীশুর বিষয়ে জানাতে বলল।"

আইকোর চোখ বড় বড় হয়ে গেল। সে চিৎকার করে বলল, "আমিও তাই শুনেছি!" আর তখনই মেয়েরা তাঁর সুসমাচার সহভাগ করতে সুযোগ দেওয়ার জন্য ঈশ্বরকে ধন্যবাদ জানাল।

---

*তাদের আসল নাম নয়
গল্পটি র‍্যাচেল ওয়াটের থেকে নেওয়া, "অ্যা উইসপার অ্যাণ্ড অ্যা প্রেয়ার," *গাইড*, ডিসেম্বর ১০, ২০০৫।

**এটি সম্পর্কে চিন্তা কর**

কিভাবে তুমি এক বা দুইটি বাক্যে সুসমাচার ব্যাখ্যা করবে?
যীশুর ভালোবাসা এবং পরিত্রাণের সুসংবাদ সহভাগ করার ধারণা কি তোমাকে অস্বস্তিকর করে তোলে? যদি তাই হয়, তোমার কি মনে হয়, এমন কি তোমাকে এরূপ অনুভূতি করায়?

**আজকের প্রার্থনার ধারণা:** তোমার জীবনে সুসমাচারের প্রকৃত অর্থ কি তা যেন তিনি তোমাকে দেখান সেজন্য ঈশ্বরের কাছে যাচঞা কর। প্রার্থনা কর যেন যখনই সঠিক সময় আসবে তুমি যেন সুসমাচার প্রচার করতে প্রস্তুত থাকতে পার।

## সোমবার: পাপ থেকে দূরে থাক!

"ঈশ্বরকে গৌরব প্রদান কর. . . . কেননা তাঁহার বিচার সময় উপস্থিত; যিনি স্বর্গ, পৃথিবী, সমুদ্র ও জলের উনুই সকল উৎপন্ন করিয়াছেন, তাঁহার ভজনা কর (প্রকাশিত বাক্য ১৪:৭ পদ, আইসিবি)।

**একজন সমস্যা সৃষ্টিকারীর যীশুর সঙ্গে দেখা**

তিন জন রাগী পুরুষ হঠাৎ করে প্রচার সভায় ঢুকে পড়লেন যেখানে কার্লের বাবা, যিনি একজন অ্যাডভেন্টিস্ট পাস্টার, অন্যদেরকে যীশুর কথা বলছিলেন। তাদের মধ্যে এক জন লোক চেঁচিয়ে বললেন, "এখান থেকে বেরিয়ে যাওয়ার জন্য আপনার কাছে মাত্র ১০ মিনিট সময় আছে!" পুরুষগুলোর হাতে একটি বন্দুক, একটি ছুরি এবং লোহার একটি লম্বা বার ছিল।

খারাপ লোকগুলো চিৎকার দিয়ে বললেন, "আমরা ১০ মিনিটের মধ্যেই আবার মারামারি করতে ফিরে আসব!" আর তা বলেই, সেই তিন জন সমস্যা সৃষ্টিকারীরা ঘুরলেন এবং চলে গেলেন।

কার্ল ভাবছিল, *বাবা কি করবেন? তিনি কি প্রচার করা বন্ধ করে দেবেন এবং সবাইকে চলে যেতে বলবেন?* কিন্তু এর পরিবর্তে, বাবা প্রচার চালিয়ে গেলেন!

আর প্রায় ১০ মিনিট পরে তিন জন পুরুষ পুনরায় ফিরে এলেন। কার্ল তাদের চেহারার দিকে তাকাল। সে ভাবছিল, *তারা এখন সত্যিই ভীষণ রাগান্বিত!*

কিন্তু যখন র্কাল বাবার দিকে তাকানোর জন্য ঘুরে দেখল, সে লক্ষ্য করল কিছু একটা ঘটছে। বাবা পুরুষগুলোর চোখে চোখ রেখে সোজা তাকালেন। তিনি যখন তা করলেন, তখন সেই লোকগুলো কাঁপতে শুরু করলেন, এবং তারপর সরে গেলেন ও চলে গেলেন!

এর কয়েক সপ্তাহ পর, বাবা কাছের একটি নদীতে বাপ্তিস্ম দিচ্ছিলেন। সেই লোকটি যিনি সেদিন লোহার একটি লম্বা বার হাতে এসেছিল তাকে দেখা গেল! তিনি বাবার কাছে এলেন। তিনি বললেন, "পাস্টার, আমিও বাপ্তিস্ম নিতে চাই। কিন্তু আমি এখনও প্রস্তুত নই, কারণ আমি ভীষণ দুষ্ট লোক ছিলাম।"

*এ ধরণের ব্যক্তিরা কি সত্যিই পরিবর্তীত হন এবং যীশুর জন্য সেবা করতে পারেন?* র্কাল অবাক হল। কিন্তু তাকে আশ্চর্য করে দিয়ে বাবা কয়েক সপ্তাহ পর সেই ব্যক্তিকে নদীতে নিয়ে গেলেন।

কার্ল তার বাবার জন্য কতই না গবির্ত ছিল। আর যখন একজন মন্দতা থেকে মুখ ফিরিয়ে যীশুকে অনুসরণ করার সিদ্ধান্ত নেন তখন কত কিছুই না ঘটতে পারে এ ভেবে র্কাল কতটা না বিস্মিত হয়েছিল!*

**এটি সম্পর্কে চিন্তা কর**

তোমার জীবনে এমন কোন পাপ আছে কি, যা থেকে তুমি ফিরে আসতে চাও?
এমন কিছু বিষয় আছে কি যা তোমাকে যীশুর থেকে চোখ সরিয়ে নিতে বাধ্য করছে? কিভাবে তুমি তা পরিবর্তন করতে পার?

**আজকের প্রার্থনার ধারণা:** ঈশ্বরের কাছে যাচঞা কর যেন তিনি তোমাকে মন্দ চিন্তা এবং কাজগুলো থেকে দূরে থাকতে সাহায্য করেন। তাঁর পরিবর্তন করার ক্ষমতা এবং তাঁর প্রেমময় ক্ষমার জন্য ঈশ্বরকে ধন্যবাদ জানাও।

---

* বারবারা ওয়েস্টপ্যাল থেকে নেওয়া, "ডেডলি ট্রেএটস্," গাইড, ডিসেম্বর ১৫, ২০০১

## মঙ্গলবার: সৃষ্টিকর্তা ঈশ্বরের উপাসনা কর এবং তাঁর বিশ্রামবারকে সম্মান জানাও!

"যিনি স্বর্গ, পৃথিবী, সমুদ্র ও জলের উনুই সকল উৎপন্ন করিয়াছেন"(প্রকাশিত বাক্য ১৪:৭ পদ, আইসিবি)।

### এই পৃথিবীর বাইরে

এটি ছিল একটি বড়দিনের সন্ধ্যা, এবং তিন জন ব্যক্তি বাড়ি থেকে অনেক দূরে ছিলেন। এমনকি বিল, জিম, এবং ফ্রাঙ্ক এই পৃথিবী নামের গ্রহেই ছিলেন না। তিন জন নভোচারী চাঁদে প্রদক্ষিণ রত অ্যাপোলো ৮ স্পেস ক্যাপসুলে ছিলেন!

তাদের দূরবর্তী অবস্থান থেকে তখন মহাকাশের ক্রুরা পৃথিবী জুড়ে আলোর রশ্মি ছড়িয়ে পড়া দেখতে পেল। সূর্য এত দূর থেকে ছোট্ট নীল গ্রহকে উজ্জ্বল করছিল।

তিন মহাকাশচারী এই মুহূর্তের জন্য অপেক্ষা করছিলেন। মহাকাশ চারী বিল অ্যাণ্ডার্স নিজেকে সামঞ্জস্য করলেন এবং একটি মাইক্রোফোনে কথা বলা শুরু করলেন। তিনি বললেন, "আমরা এখন চন্দ্র সূর্যের কাছাকাছি, এবং ওখানে পৃথিবীর সকল মানুষের জন্য অ্যাপোলো ৮-এর ক্রুদের পক্ষ থেকে একটি বার্তা আছে যা আমরা আপনাকে পাঠাতে চাই।"

মহাকাশচারীরা আমাদের কী বলবেন? লোকেরা বিস্মিত হল।

"আদিতে ঈশ্বর আকাশমণ্ডল ও পৃথিবী সৃষ্টি করলেন . . .", মহাকাশচারী বাইবেলের প্রথম পদ,* আদিপুস্তক ১:১ পদ পড়ছিলেন! তিনি পড়ে যেতেই লাগলেন, এবং তারপর মহাকাশচারী জিম লাভেল দায়িত্ব নিলেন।

"'আর ঈশ্বর দীপ্তির নাম দিবস ও অন্ধকারের নাম রাত্রি রাখিলেন।'" এটিও বাইবেলের সৃষ্টির গল্প থেকে ছিল- আদিপুস্তক ১:৫ পদ। মহাকাশচারী লাভেল পড়তে লাগলেন, এবং তারপর তৃতীয় মহাকাশচারীর পালা এল।

"'পরে ঈশ্বর কহিলেন, আকাশমণ্ডলের নিচস্থ জল এক স্থানে সংগৃহীত হউক ও স্থল সপ্রকাশ হউক; তাহাতে সেইরূপ হইল।'" নভোচারী ফ্রাঙ্ক বরম্যান আদিপুস্তক থেকে পদগুলো পড়তে লাগলেন। "তখন ঈশ্বর স্থলের নাম ভূমি, ও জলরাশির নাম সমুদ্র রাখিলেন; আর ঈশ্বর দেখিলেন যে, তাহা উত্তম।'"

বাইরের মহাকাশ থেকে তারা যে সৌন্দর্য এবং বিস্ময় দেখছিলেন, মহাকাশচারীরা নিজেদের চেয়ে মহান কাউকে প্রশংসা করার প্রয়োজন অনুভব করেছিলেন। মহাকাশচারী বরম্যান এই কথাগুলো বলে শেষ করলেন, "ঈশ্বর সবাইকে আশীর্বাদ করুন, উত্তম পৃথিবীর সবাইকে।" আর ততসঙ্গে অ্যাপোলো ৮ চাঁদকে প্রদক্ষিণ করতে থাকল।

### এটি সম্পর্কে চিন্তা কর

কেন শয়তান চায় ঈশ্বরকে মানুষ সৃষ্টিকর্তা হিসেবে না মেনে বিবর্তনবাদে বিশ্বাস করাতে?
কেন ঈশ্বরের কাছে এটি গুরুত্বপূর্ণ যে রবিবার অথবা অন্য দিনের পরিবর্তে মানুষ যেন সপ্তম দিন শাব্বাথ হিসেবে সম্মান করে?

**আজকের প্রার্থনার ধারণা:** প্রার্থনা কর যেন ঈশ্বর তোমাকে তাঁর সৃষ্টির আরও বিস্ময়কর সৃষ্টিগুলো দেখান। ঈশ্বরের কাছে যাচঞা কর যেন যেকোন কিছুর মূল্যে তুমি সপ্তম দিন শাব্বাথকে সম্মান জানাতে পার।

___________

* নভোচারীরা বাইবেল থেকে যে পদগুলো পড়েছিলেন সেটি কিং জেমস্ ভার্সনের ছিল ।

* বাংলা অনুবাদের প্রতিটি শাস্ত্রের অংশ কেরী ভার্সন বাইবেল থেকে নেওয়া হয়েছে।

## বুধবার: মিথ্যা উপাসনা থেকে দূরে থাক!

"পরে তাঁহার পশ্চাৎ দ্বিতীয় এক দূত আসিলেন, তিনি কহিলেন, 'পড়িল, পড়িল! সেই মহতী বাবিল!'"(প্রকাশিত বাক্য ১৪:৮ পদ, আইসিবি)।

**টঙ্গায় সত্যের খোঁজে**

আসিপেলি দক্ষিণ প্রশান্ত মহাসাগরের টঙ্গার পলিনেশিয়ান দ্বীপে বাস করত। সেখানেই সে তার বাবার ধর্ম অনুসরণ করার সিদ্ধান্ত নিয়েছিল। কিন্তু তখন তার মনে প্রশ্ন ছিল।

কয়েক সপ্তাহ আগে টঙ্গায় দু'জন লোক এসেছিলেন এবং ধর্মীয় সভা চালাচ্ছিলেন। কৌতূহলী আসিপেলি এবং তার বন্ধু ম্যানু সেখানে যোগ দিয়েছিল। তারা বাইবেলে থেকে এমন ধারণা জানতে পেরে হতবাক হয়ে গিয়েছিল যা তারা আগে কখনও শুনেনি।

সেই প্রচারমূলক সভায় আসিপেলি এবং ম্যানু প্রতি রাতে যেত। যখন সভাটি শেষ হল, তারা দু'জনেই বাইবেলের বিষয়ে আরও অনেক কিছু জেনেছিল। কিন্তু একটি প্রশ্ন তাদের মনে তাড়া করছিল: কোনটি সত্য মণ্ডলী?

একদিন আসিপেলি একটি ঘোষণা দিল। "আগামীকাল অস্ট্রেলিয়া থেকে একটি বড় জাহাজ বন্দরে আসতে চলেছে। আমি জাহাজে যাব এবং ঈশ্বরের কাছে প্রার্থনা করব যেন তিনি আমাকে এমন কারও সঙ্গে দেখা করান যিনি আমার প্রশ্নের উত্তর দিতে পারবেন, "কোনটি সত্য মণ্ডলী?"

বন্দরে গিয়ে আসিপেলি দেখতে লাগল যেমনিভাবে বড় জাহাজ থেকে ভ্রমণকারীরা বেরিয়ে আসছিল। অবশেষে, সে এক ব্যক্তিকে দেখতে পেল, আর তার মনে হল ঈশ্বর তাকেই তার সঙ্গে কথা বলার জন্য মনোনীত করেছেন। আসিপেলি জিজ্ঞাসা করল, " মহাশয়, আপনি কি একজন খ্রিস্টীয়ান?"

চমকে গিয়ে লোকটি বলল, "কেন, হ্যাঁ, আমি একজন খ্রিস্টীয়ান-আমি একজন ব্যাপ্টিস্ট। কেন তুমি জানতে চাইছ?"

দ্রুত আগ্রহী টঙ্গন তার প্রশ্ন জিজ্ঞাসা করল: "আপনি কি আমাকে বলতে পারেন যে কোন মণ্ডলীটি সত্য মণ্ডলী?"

আর, এই যাত্রী গত কয়েক মাস ধরে বাইবেল অধ্যয়ন করছিলেন, এবং তিনি বাইবেলের সত্য জানছিলেন। তিনি আসিপেলিকে বললেন, "এই ঠিকানায় লিখবে। আর তারা তোমাকে জানাবে যে কোন মণ্ডলী সত্য মণ্ডলী।" আসিপেলি একটি পেন্সিল খুঁজে পেল এবং ব্যক্তিটির দেওয়া ঠিকানা লিখে রাখল। অবশেষে, সে ইমেইলের মাধ্যমে বাইবেল অধ্যয়ন শুরু করল। আসিপেলি ঈশ্বরের সেই সত্য মণ্ডলী সম্পর্কে জানতে পারল, যারা যীশুকে বিশ্বাস করে এবং দশ আজ্ঞা মেনে চলে-সপ্তম দিন শাব্বাথ সহ।
শীঘ্রই আসিপেলি এবং ম্যানু সেভেন্থ-ডে অ্যাডভেন্টিস্ট মণ্ডলীতে বাপ্তিস্ম নিল। যখন আমরা ঈশ্বরকে আমাদের জীবনে আহ্বান জানাই, তখন ঈশ্বর যেভাবে পরিচালনা করেন তা সত্যিই অসাধারণ।*

---

*গল্পটি ওয়াল্টার স্ক্র্যাগ থেকে নেওয়া, "এক্সকিউজ মি, স্যার, হুইচ ইজ্ দ্যা ট্রু চার্চ?" *গাইড, সেপ্টেম্বর ১৪, ১৯৬৬*

**এটি সম্পর্কে চিন্তা কর**

তুমি কি কখনও এমন কাউকে বা কোন কিছুকে অনুসরণ করেছ যা তোমাকে ভুল পথে নিয়ে গেছে? তুমি ব্যতিক্রমভাবে কি করবে?

তোমার কি এমন কোন বন্ধু বা আত্মীয় আছে যাদেরকে তোমার মনে হয় তারা সেই মণ্ডলীর অন্তর্ভূক্ত যে মণ্ডলী সম্পূর্ণরূপে বাইবেলের সত্য অনুসরণ করে না? এ বিষয়ে তোমার অনুভূতি কেমন?

**আজকের প্রার্থনার ধারণা:** ঈশ্বরের কাছে প্রার্থনা কর যেন তিনি তোমাকে কোন মণ্ডলী সত্য মণ্ডলী তা স্পষ্টভাবে দেখান। যুগে যুগে তাঁর বাক্য, বাইবেলকে রক্ষা করার জন্য তাঁকে ধন্যবাদ জানাও যেন এর সত্য আজকে তুমি পড়তে পার।

## বৃহস্পতিবার: বাইবেলের সঙ্গে থাক!

"পরে তৃতীয় এক দূত উহাঁদের পশ্চাৎ আসিলেন, তিনি উচ্চ রবে কহিলেন: 'যদি কেহ সেই পশু ও তাহার প্রতিমূর্তির ভজনা করে, আর নিজ ললাটে কি হস্তে ছাপ ধারণ করে'" (প্রকাশিত বাক্য ১৪:৯ পদ, আইসিবি)।

**বিশ্রামবার বা শাব্বাথ দিনে লুকিয়ে থাকা**

দক্ষিণ ইউরোপের একটি লুকানো নদীর তীরে এগারো জন ব্যক্তি জড়ো হয়েছিলেন। আর সেই সময়ে সেই দেশে, সেভেন্থ-ডে অ্যাডভেন্টিস্টদের সহিংসতার সহিত হুমকি দেওয়া হত। এক দল জনতা বাপ্তিস্মের বিষয়ে শুনেছিল এবং সদ্য বাপ্তিস্ম নেওয়া সদস্যদের উপর আক্রমণ করেছিল। দুঃখজনকভাবে, দুই সন্তানের মা জনতার হাতে নিহত হয়েছিলেন।

সেই মায়ের দুই সন্তান ছিল ১০ বছরের অ্যালেক্স এবং ৮ বছর বয়সী তার ছোট বোন, মারি। তাদের কয়েক জন আত্মীয়স্বজন এই সন্তানদেরকে একটি পালিত বাবা-মায়ের বাড়িতে খুঁজে পেয়েছিলেন।

প্রথম শাব্বাথে সকালের নাস্তার পর অ্যালেক্স এবং মারি তাদের নতুন ঘর থেকে বেরিয়ে গিয়ে তাদের শাব্বাথ স্কুলের পাঠ এবং বাইবেল অধ্যয়নের জন্য খড়ের একটি বড় স্তূপের মধ্যে লুকিয়ে রইল। তার যখন বাড়িতে ফিরে আসল, বাড়ির লোকটি অ্যালেক্স এবং মারিকে মারধর করল। পরের শাব্বাথে তারা কাছাকাছি কিছু জঙ্গলে সময় কাটাল। আর পুনরায় ফিরে আসার পর তাদের পালিত বাবা তাদেরকে মারধর করল।

তৃতীয় শাব্বাথে পালক বাবা-মা শিশু দুটিকে বনের দিকে যাওয়ার সময় থামিয়ে দিলেন। কিন্তু যখনই পালক বাবা অ্যালেক্স এবং মারিকে লাঠি দিয়ে মারছিলেন, তখন কিছু প্রতিবেশী সেখানে উপস্থিত হলেন। পরবর্তীতে তারা যা দেখেছিল তা কর্তৃপক্ষকে জানিয়েছিল। পালক বাবা-মাকে গ্রেফতার করা হয়েছিল।

যখন পালক বাবা-মাকে শাস্তি দেওয়ার সময় এল, বিচারক কঠোর ভাবে বললেন, "তোমাদেরকেও ঠিক তেমন ভাবে মারা হবে যেমন ভাবে তোমরা এই শিশু দুটিকে মারতে!"

হঠাৎ অ্যালেক্স দাঁড়িয়ে পড়ল এবং বলল, "দয়া করুন, বিচারক, তাদেরকে মারবেন না। এটা সত্য যে তিনি আমাকে এবং আমার বোনকে মারধর করতেন কারণ আমরা শাব্বাথ দিন পালন করেছি। কিন্তু মারলে খুব ব্যাথা লাগে। আমরা জানি। বাইবেলের নতুন নিয়মে আমাদেরকে বলে, আমরা যেন শত্রুদের ভালোবাসি এবং তাদের জন্য প্রার্থনা করি।"

বিচারকের হৃদয় নরম হল। তিনি পালক বাবা-মাকে মারতে নিষেধ করলেন, কিন্তু তাদেরকে একটি প্রতিশ্রুতি স্বাক্ষর করতে হয়েছিল যে তারা আর কখনও সন্তানদের বিশ্বাসের বিষয়ে শিশুদের বিরক্ত করতে পারবে না।

এর পর শীঘ্রই, পালক বাবা স্থানীয় অ্যাডভেন্টিস্টদের সঙ্গে বাইবেল অধ্যয়ন শুরু করলেন, এবং তিনি বাপ্তিস্ম নিলেন। তার পরিবর্তিত জীবন নিয়ে অ্যালেক্স এবং মারির থেকে বেশি খুশি আর কেউ ছিল না।*

---

* বারবারা ওয়েস্টপাল থেকে নেওয়া, "ডন্ট ফ্লগ হিম, প্লিজ," *গাইড*, সেপ্টেম্বর ১, ১৯৬৫।

**এটি সম্পর্কে চিন্তা কর**

তোমার বিশ্বাসের জন্য তোমাকে শাস্তি পেতে হবে, চিন্তাটিতে তোমার অনুভূতি কেমন?
তুমি কি বাইবেলের কয়েকটি গল্প চিন্তা করতে পার যেখানে লোকেরা তাদের বিশ্বাসের জন্য শাস্তি পেয়েছিল?

**আজকের প্রার্থনার ধারণা:** ঈশ্বরকে ধন্যবাদ জানাই যে আমাদের কাছে অনেক লোকের উদাহরণ আছে যারা জীবনের যেকোন পরিস্থিতিতে তোমার বিশ্বাসকে সম্মান জানিয়েছেন। তুমিও যেন সাহসের সঙ্গে ঠিক এরকমই করতে পার সেজন্য ঈশ্বরের কাছে যাচঞা কর।

**শুক্রবার: ঈশ্বরের ভালোবাসা জয়ী হয়!**

"তবে সেই ব্যক্তিও ঈশ্বরের সেই রোষ মদিরা পান করিবে" (প্রকাশিত বাক্য ১৪:১০ পদ, আইসিবি)।

**বিষাক্ত পানীয়**

পেরুর একজন কৃষক, ইউস্টোরজিও অ্যাডভেন্টিস্টকে ভীষণ ঘৃণা করতেন। আজ রাতে তিনি অ্যাডভেন্টিস্টকে রাতের খাবারের জন্য আমন্ত্রণ জানিয়েছেন, কিন্তু খাবারটি উপভোগ করতে নয়। না, আজ রাতে তিনি তার অতিথিকে বিষ দেবেন।

ইউস্টোরজিওর কুঁড়ে ঘরে প্রবেশ করতে করতে অ্যাডভেন্টিস্ট বললেন, "এটার গন্ধ খুব সুন্দর!" তিনি বলতে লাগলেন, "আমি ভীষণ আনন্দিত যে তুমি আমাকে আমন্ত্রণ জানিয়েছ। যখন থেকে আমি যীশুকে আমার জীবনে আহ্বান জানিয়েছি তখন থেকে আমার জীবনে যা যা হয়েছে সে বিষয়ে তোমাকে বলার আমার অনেক কিছু আছে।"

ইউস্টোরজিওর মিথ্যা বললেন, "ভালো লাগছে! খেতে খেতে আপনি আমাকে এ বিষয়ে বলছে না কেন।"

দু'জন মিলে খুব সাধারণ একটি খাবার ভাত এবং বিনস্ খেতে বসলেন। বসার পূর্বে প্রত্যেকের জন্য পানীয় ভর্তি একটি গ্লাস দেওয়া ছিল। অ্যাডভেন্টিস্টের সামনে রাখা গ্লাসের পানীয়ের উপর কিছু ফুল দেওয়া ছিল-এবং *এর মধ্যে* বিষাক্ত বিষ ছিল।

অ্যাডভেন্টিস্ট খাবারে বসার পূর্বে মাথা নত করলেন এবং ঈশ্বরকে খাবারের জন্য প্রার্থনায় ধন্যবাদ জানালেন। শীঘ্রই তিনি গ্লাসের পানীয়টি নিলেন এবং এক চুমুকে পান করে গ্লাসটি খালি করলেন। তিনি বললেন, "আহ্, এটি খুব সুস্বাদু ছিল! পেঁপের জুস্ আমার ভীষণ প্রিয়।"

ইউস্টোরজিও শয়তানি হাসি হেসে বললেন, "আমি এটি বিশেষভাবে আপনার জন্যই প্রস্তুত করেছি।" তিনি ভাবলেন, শীঘ্রই এই অ্যাডভেন্টিস্টের শরীরে এটি ছড়িয়ে পড়বে এবং সে মারা যাবে!

কিন্তু যেমনিভাবে মিনিট পার হচ্ছিল এবং তার অতিথির কিছুই হল না, ইউস্টোরজিও উদ্বিগ্ন হয়ে তার বসার চেয়ার ছেড়ে উঠে দাঁড়াল। দুই ঘন্টা পার হল যেমনিভাবে অ্যাডভেন্টিস্ট তার খাবার উপভোগ করছিলেন এবং ঈশ্বরের ভালোবাসার বিষয়ে তার সঙ্গে সহভাগ করছিলেন।

অবশেষে, অ্যাডভেন্টিস্ট যাওয়া জন্য দাঁড়ালেন, কিন্তু ইউস্টোরজিওকে তার সঙ্গে শাব্বাথে যাওয়ার আমন্ত্রণও জানালেন। যেমনিভাবে লোকটি চলে গেলেন, ইউস্টোরিজও তার কুঁড়ে ঘরে হাঁটু গেড়ে পড়ে গেলেন। কাঁপতে, কাঁপতে সে ভাবছিল, কিভাবে লোকটি এখনও জীবিত আছে? সে কি কোন ধরনের জাদুকর? নাকি. . .হয়ত উনি ঈশ্বরের বিষয়ে যা বলেছেন তা সবই সত্য!"

ইউস্টোরজিও ফিসফিসিয়ে বললেন, "হে প্রভু, অ্যাডভেন্টিস্টের ঈশ্বর, এখন আমি দেখলাম যে তুমি সত্য এবং তোমার কাছে রক্ষা করার ক্ষমতা আছে। দয়া করে, আমাকেও রক্ষা করুন!"*

---

* গল্পটি জুলিয়ানা মারিন থেকে নেওয়া, "ব্লেসেড পয়জন," *গাইড*, ডিসেম্বর ১২, ২০০৯।

**এটি সম্পর্কে চিন্তা কর**

কোন কোন ধর্মসংক্রান্ত মিথ্যাগুলো মানুষ বিশ্বাস করে?
ঈশ্বরের শেষ-সময়ের বিচার হওয়া কেন গুরুত্বপূর্ণ বলে তুমি মনে কর?

**আজকের প্রার্থনার ধারণা:** তোমাকে তোমার বিশ্বাস বাছাই করার স্বাধীনতা দেওয়ার জন্য ঈশ্বরকে ধন্যবাদ জানাও। তোমাকে যেন তিনি তার ভালোবাসার বিষয়ে এবং তা কিভাবে শেষ-সময়ের বিচারের দিনের জন্য তোমার মনকে ভয় মুক্ত করবে সেই বিষয়ে শিখানোর জন্য তাঁর কাছে যাচঞা কর।

## শেষ শাব্বাথ: একটি অংশ যা থেকে যায়

"এইস্থলে সেই পবিত্রগণের ধৈর্য দেখা যায়," "যাহারা ঈশ্বরের আজ্ঞা পালন করে ও যীশুর বিশ্বাস ধারণ করে। (প্রকাশিত বাক্য ১৪:১২ পদ, আইসিবি)।

**দুইটি গল্পের চ্যালেঞ্জ**

দেখ, তুমি নিম্নলিখিত দুটি গল্পের মধ্যে কি মিল আছে তা বের করতে পার কিনা।

**গল্প ১**

নাদিয়ার শোবার ঘরের কার্পেটটি ছিঁড়ে গেছে এবং তার বাবা-মা তাকে বলেছিলেন যে সেজন্য সে একটি নতুন রং পছন্দ করতে পারে। সে একটি গোলাপী রংয়ের রোল করে পেঁচিয়ে রাখা কার্পেটের দিকে ইশারা করে বলল, "ওহ, আমি এটি খুব পছন্দ করি!" তার বাবা-মা সম্মত হলেন।

বিক্রেতা বললেন, "এটি একটি জনপ্রিয় পছন্দ, এটি সবাই পছন্দ করে। আসলে, এই ছোট্ট রোলটি একটি অনেক বড় রোলের অবশিষ্টাংশ। ভাল খবর হল, আর এর মানে হল যে এটি আমি তোমার কাছে ছাড়ের দামে বিক্রি করতে পারি।

**গল্প ২**

এলিয় দুষ্ট রানী ঈষেবলের থেকে পালিয়ে এসেছিলেন। ক্লান্ত হয়ে, তিনি রাত কাটানোর জন্য একটি গুহায় প্রবেশ করলেন। তিনি ভীষণ একাকী বোধ করছিলেন!

হঠাৎ তিনি একটি স্বর শুনতে পেলেন! "এলিয়, তুমি এখানে কি করিতেছ?" এলিয়ের সঙ্গে ঈশ্বর কথা বলছিলেন!

এলিয় উত্তরে বললেন, "আমি বাহিনীগণের ঈশ্বর সদাপ্রভুর পক্ষে অতিশয় উদ্যোগী হইয়াছি; কেননা ইস্রায়েল-সন্তানগণ তোমার নিয়ম ত্যাগ করিয়াছে, তোমার যজ্ঞবেদি সকল উৎপাটন করিয়াছে। তোমার ভাববাদিগণকে খড়্গ দ্বারা বধ করিয়াছে। কেবল একা আমিই অবশিষ্ট রহিলাম। আর তাহারা আমার প্রাণও লইতে চেষ্টা করিতেছে!"

কিন্তু ঈশ্বর জানতেন কেবল এলিয় একাই একমাত্র ব্যক্তি ছিলেন না যারা সত্য ঈশ্বরের সেবা করছেন। তিনি এলিয়কে বললেন, "আমি ইস্রায়েলে ৭,০০০ হাজার লোককে জীবিত রেখে এসেছি। এই ৭,০০০ হাজার লোক কখনও কোন বাল দেবতার সম্মুখে নত হয় নি।"*

---

* উদ্বৃতিগুলো ১ রাজাবলি ১৯:৯-১৮ পদ থেকে নেওয়া, আইসিবি।

**এটি সম্পর্কে চিন্তা কর**

তুমি বাইবেল থেকে কোন অবশিষ্ট ব্যক্তি বা এক দল মানুষের কথা ভাবতে পার? ইঙ্গিত: এই দলটি একটি বিশাল সোনার মূর্তিতে পূজা এবং প্রণাম করতে অস্বীকার করেছিল।
ঈশ্বরের শেষ-সময়ের অবশিষ্ট মণ্ডলীর অংশ হিসেবে কোন দায়িত্বগুলি আসে?

**আজকের প্রার্থনার ধারণা:** ঈশ্বরের কাছে প্রার্থনা কর যেন তিনি তোমাকে তাঁর শেষ-সময়ের অবশিষ্ট লোকদের স্পষ্টভাবে দেখান। তাঁকে আহ্বান কর যেন তিনি তোমাকে সর্বদা যীশুকে অনুসরণ করতে এবং দশ আজ্ঞা মেনে চলার সাহস দান করেন।

---

র‍্যাণ্ডি ফিশেল গাইড ম্যাগাজিনের সাবেক সম্পাদক। বর্তমানে তিনি ছোটদের জন্য জনপ্রিয় টাকার বার্নস অ্যাণ্ড ফ্রেণ্ডস বই লেখেন এবং চিত্রিত করেন।